গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০০২.২৫. ৯১৫

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২ / ০২ ডিসেম্বর ২০২৫

প্রেরকঃ উপপরিচালক (কাবিখা-২)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ,ঢাকা।

প্রাপকঃ চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।

বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের প্রকল্প বাস্তবায়নের জন্য বিভাগীয় কমিশনার এর অনুকূলে নগদ অর্থের বরাদ্দ প্রদান।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০১ ডিসেম্বর ২০২৫ তারিখের ৫১.০০.০০০০.০০০.৪২২.১৪.০০০২.২৫.২৪৭ নং মঞ্জুরী আদেশের আলোকে ২০২৫-২০২৬ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত বিভাগীয় কমিশনারগণ (০৮টি বিভাগ) এর অনুকূলে সর্বমোট ৬,০০,**০০,০০০/- ( ছয় কোটি ) টাকা** নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হলো।

২। এ ব্যয় ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করতে হবে।

৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে সংশ্লিষ্ট জেলা/উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার বরাবরে অথরিটি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | বিভাগের নাম | জেলার সংখ্যা | প্রতি জেলায় প্রাপ্য | বিভাগ অনুযায়ী বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা বিভাগ | ১৩ টি | ৯,৩৭,৫০০/- টাকা হারে | ১,২১,৮৭,৫০০/- |
| ২. | চট্টগ্রাম বিভাগ | ১১ টি | ৯,৩৭,৫০০/- টাকা হারে | ১,০৩,১২,৫০০/- |
| ৩. | রাজশাহী বিভাগ | ০৮ টি | ৯,৩৭,৫০০/- টাকা হারে | ৭৫,০০,০০০/- |
| ৪. | খুলনা বিভাগ | ১০ টি | ৯,৩৭,৫০০/- টাকা হারে | ৯৩,৭৫,০০০/- |
| ৫. | বরিশাল বিভাগ | ০৬ টি | ৯,৩৭,৫০০/- টাকা হারে | ৫৬,২৫,০০০/- |
| ৬. | সিলেট বিভাগ | ০৪ টি | ৯,৩৭,৫০০/- টাকা হারে | ৩৭,৫০,০০০/- |
| ৭. | রংপুর বিভাগ | ০৮ টি | ৯,৩৭,৫০০/- টাকা হারে | ৭৫,০০,০০০/- |
| ৮. | ময়মনসিংহ বিভাগ | ০৪ টি | ৯,৩৭,৫০০/- টাকা হারে | ৩৭,৫০,০০০/- |
| **সর্বমোট** | **০৮(আট) টি বিভাগ** | **৬৪ টি** | | **৬,০০,০০,০০০/- (ছয় কোটি)** |

**শর্তসমূহঃ**

(১) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও টি.আর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১-এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(২) এ বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা টি.আর কর্মসুচির নির্দেশিকা অনুসরণ করে সত্বর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

(৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা-২০২১" এর সংশোধনীসহ সকল বিধি-বিধান/পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৪) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে;

(৫) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(অ. পৃ. দ্র.)

(৬) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;

(৭) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শনপূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে।

(৮) এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। কোন ক্রমেই এ সময় বৃদ্ধি করা হবে না।

৪। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

০২/১২/২০২৫

(মোহাম্মদ নুরুজ্জামান)
উপপরিচালক (কাবিখা-২)
ই-মেইল : ddmreport@gmail.com

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০০২.২৫. ১১৫

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২ / ০২ ডিসেম্বর ২০২৫

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ......................................।

৪। জেলা প্রশাসক, ......................................................।

৫। পরিচালক (মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৬। উপ-সচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ibas++ এ প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য অনুমোদনের জন্য অনুরোধ করা হলো)।

৭। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।

৮। উপ-পরিচালক (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৯। উপজেলা নির্বাহী অফিসার, ..................................................................।

১০। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। [পত্রটি অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ]

১১। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার ,...................................................................।

১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ......................................................... (সংশ্লিষ্ট বরাদ্দের অর্থ ibas++ এ ছাড়করণের জন্য উপ বরাদ্দের কপি-dsbudget@modmr.gov.bd-এ ই মেইলে-প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

১৩। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ............................................................................... ।

১৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ...............................................................................।

১৫। সহকারী হিসাব রক্ষক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১৬। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২/১২/২০২৫

(মোহাম্মদ নুরুজ্জামান)
উপপরিচালক (কাবিখা-২)
ই-মেইল : ddmreport@gmail.com